



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদপ্তর

সমাজসেবা অফিসারের কার্যালয়

সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা

website:dss.tejgaoncircle.dhaka.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.১৬.০০০২.২৫.৭৪

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
৩০ মে ২০২৬

বিষয়: সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকার ওয়েব পোর্টাল হালনাগাদকরণ ও জনবান্ধব সেবামুখী রূপান্তর বিষয়ে অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা কর্তৃক পরিচালিত সরকারি সেবাসমূহের তথ্য জনগণের দোরগোড়ায় সহজলভ্য, স্বচ্ছ ও কার্যকরভাবে পৌঁছে দেওয়ার লক্ষ্যে কার্যালয়ের সরকারি ওয়েব পোর্টালটি সম্প্রতি ব্যাপকভাবে হালনাগাদ ও পুনর্বিদ্যমান করা হয়েছে।

তথ্য অধিকার আইন, ২০০৯-এর মূল চেতনা অনুসরণপূর্বক নাগরিকদের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করা, তথ্যের অবাধ প্রবাহ সৃষ্টি, প্রশাসনিক স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং সুশাসন প্রতিষ্ঠার উদ্দেশ্যে ওয়েব পোর্টালে প্রয়োজনীয় তথ্যসমূহ সন্নিবেশ, পরিবর্ধন ও আধুনিকায়ন করা হয়েছে। এর ফলে সেবাগ্রহীতাগণ ঘরে বসেই বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি, অনুদান, উপবৃত্তি, প্রতিবন্ধী সেবা, স্বৈচ্ছাসেবী সংস্থা নিবন্ধন, প্রবেশন কার্যক্রমসহ কার্যালয়ের বিভিন্ন সেবা ও কার্যক্রম সম্পর্কে সহজে অবগত হতে পারবেন।

ওয়েব পোর্টালে নিম্নোক্ত তথ্য ও বিষয়সমূহ হালনাগাদ করা হয়েছে—


- ১। কার্যালয়ের পরিচিতি, ভিশন, মিশন ও কার্যপরিধি;
- ২। নাগরিক সনদ (Citizen Charter);
- ৩। প্রদেয় সেবাসমূহ ও সেবা প্রাপ্তির প্রক্রিয়া;
- ৪। আওতাধীন এলাকার তথ্য ও মানচিত্র;
- ৫। বিভিন্ন কর্মসূচির পরিসংখ্যান ও অগ্রগতি তথ্য;
- ৬। সাংগঠনিক কাঠামো ও জনবল সংক্রান্ত তথ্য;
- ৭। গুরুত্বপূর্ণ নোটিশ, বিজ্ঞপ্তি ও প্রকাশনা;
- ৮। অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও যোগাযোগের মাধ্যম;
- ৯। তথ্য অধিকার আইন, বিধিমালা ও সংশ্লিষ্ট নির্দেশনা;
- ১০। ভবিষ্যৎ কর্মপরিকল্পনা, উদ্ভাবনী উদ্যোগ ও ডিজিটাল সেবা সংক্রান্ত তথ্য।

এছাড়াও ওয়েব পোর্টালকে অধিকতর ব্যবহারবান্ধব, তথ্যসমৃদ্ধ ও সেবাকেন্দ্রিক করার লক্ষ্যে বিষয়ভিত্তিক কনটেন্ট, ইনফোগ্রাফিক,

চার্ট, ফ্লো-চার্ট এবং নাগরিকদের প্রয়োজনীয় তথ্য সহজে অনুসন্ধানের উপযোগী বিন্যাস সংযোজন করা হয়েছে।

বর্ণিত হালনাগাদকরণ উদ্যোগ তথ্য অধিকার আইন, ২০০৯-এর উদ্দেশ্য বাস্তবায়নের পাশাপাশি জনগণ ও প্রশাসনের মধ্যে আস্থা, অংশীদারিত্ব ও কার্যকর যোগাযোগ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। একইসঙ্গে এটি স্বচ্ছতা, জবাবদিহিতা, দক্ষতা ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হবে।

বিষয়টি সদয় অবগতির্থে এবং প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনার জন্য উপস্থাপন করা হলো।



৩০-০৫-২০২৬
ইনসান আলী
সমাজসেবা অফিসার

উপ পরিচালক


উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.১৬.০০০২.২৫.৭৪/১ (১০)

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
৩০ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৩। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৭। সমাজসেবা অফিসার (সংযুক্ত), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৮। উচ্চমান সহকারী, স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৯। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ১০। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



৩০-০৫-২০২৬
ইনসান আলী
সমাজসেবা অফিসার